# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আল্লাহর অনুগ্রহ ও রুযী চাইতে

১।

للهم اغفر لى ذنبى ووسع لى فى دارى وبارك لى فى رزقى

উচ্চারণঃ- আল্লা-হুম্মাগফিরলী যামবী অঅসসি’ লী ফী দা-রী অবা-রিক লী ফী রিযক্বী।

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার অপরাধ ক্ষমা কর, আমার গৃহ প্রশস্ত কর এবং আমার রুযীতে বরকত দাও। (মুঃ আহমদ ৪/৬৩, সঃ জামে’ ১২৬৫)

২।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ وَرَحْمَتِكَ ، فَإِنَّهُ لا يَمْلِكُهَا إِلا أَنْتَ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা মিন ফাযলিকা অরাহমাতিক, ফাইন্নাহু লা য়্যামলিকুহা ইল্লা আন্ত।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট তোমার অনুগ্রহ ও করুণা ভিক্ষা করছি। যেহেতু একমাত্র তুমিই এ সবের মালিক। (মঃ যাওয়াদ ১০/১৫৯ সঃ জামে’ ১২৭৮ নং)

৩।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْجُوعِ فَإِنَّهُ بِئْسَ الضَّجِيعُ ، وَأَعُوذُ بِكَ مِنَ الْخِيَانَةِ فَإِنَّهَا بِئْسَتِ الْبِطَانَةُ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিনাল জু-, ফাইন্নাহু বি’সায যাজী-’। অ আউযুবিকা মিনাল খিয়ানাহ, ফাইন্নাহা বি’সাতিল বিত্বা-নাহ।

অর্থঃ হে আল্লাহ! আমি তোমার নিকট ক্ষুধা থেকে পানাহ চাচ্ছি, কারণ তা নিকৃষ্ট শয়ন-সাথী। আর আমি খিয়ানত থেকেও পানাহ চাচ্ছি, কারণ তা নিকৃষ্ট সহচর। (আঃ দাঃ ২/৯১ সঃ নাঃ ৩/১১১২)।

৪।

اللَّهُمَّ اغْفِرْ لِي، وَاهْدِنِي، وَارْزُقْنِي، وَعَافِنِي، أَعُوذُ بِاللَّهِ مِنْ ضِيقِ الْمَقَامِ يَوْمَ الْقِيَامَةِ

উচ্চারণঃ আল্লা-হুম্মাগফিরলী অহদিনী অরযুক্বনী অ আ-ফিনী, আউযু বিল্লাহি মিন যাইকিল মাক্বা-মি য়্যাউমাল কিয়ামাহ।

অর্থঃ হে আল্লাহ! আমাকে মাফ কর, হিদায়াত কর, রুযী দাও এবং নিরাপত্তা দাও। আমি আল্লাহর নিকট কিয়ামতে অবস্থানক্ষেত্রের সংকীর্ণতা থেকে আশ্রয় ভিক্ষা করছি। (সঃ নাঃ ১/৩৫৬, সঃ ইঃ মাজাহ ১/২২৬)

৫।

اللَّهُمَّ اجْعَلْ أَوْسَعَ رِزْقِكَ عَلَيَّ عِنْدَ كِبَرِ سِنِّي , وَانْقِطَاعِ عُمْرِي

উচ্চারণঃ আল্লা-হুম্মাজআল আউসাআ রিযক্বিকা আলাইয়্যা ইন্দা কিবারি সিন্নী অনক্বিত্বা-ই উমুরী।

অর্থঃ হে আল্লাহ! আমার বার্ধক্যে ও মৃত্যুর সময় তোমার অধিকতম ব্যাপক রুযী দান করো। (হাকেম ১৮৫৪২, সঃ জামে’ ১২৫৫নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন